ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৫৮২

মোহনপুর, ২৮ আগস্ট, ২০২৫

**মোহনপুরে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা নিয়ে কর্মশালা শুরু**

মোহনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ লেম্বুছড়াস্থিত কেন্দ্রীয় সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সিভিল ডিফেন্সের ভূমিকা নিয়ে দুইদিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার। উদ্বোধনী ভাষণে তিনি বলেন, প্রশাসনের উপর জনসাধারণের আস্থা রয়েছে। এই প্রশিক্ষণ শিবিরের মাধ্যমে প্রাকৃতিক দুর্যোগের সময় নিজে এবং অপরকে কিভাবে বাঁচানো যায় সে বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। এছাড়া অনুষ্ঠানে আলোচনা করেন কেন্দ্রীয় সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয়ের অধিকর্তা অধ্যাপক মখিলেশ কুমার। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ ও ভাইস চেয়ারপার্সন শংকর দেব, মোহনপুর ব্লকের বিডিও ধৃতিশেখর রায়, লেফুঙ্গা ব্লকের বিডিও নরেন্দ্র রিয়াং প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত। শিবিরে হেজামারা, বামুটিয়া, লেফুঙ্গা ব্লকের প্রধান, চেয়ারম্যান, পঞ্চায়েত সচিব, ভিলেজ'র সচিব, মোহনপুর পুর পরিষদের কাউন্সিলার, ওয়ার্ড সচিব এবং কেন্দ্রীয় সাংস্কৃতিক বিশ্ব বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ উপস্থিত ছিলেন। শিবিরে রিসোর্সপার্সনগণ প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার বিষয়ে হাতেকলমে প্রশিক্ষণ দেন।

******